


# জাবিতে আন্দোলনকারীদের ওপর ছাত্রলীগের ‘হামলা’

প্রতিনিধি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

০৫ নভেম্বর ২০১৯, ১৩:২৭

আপডেট: ০৫ নভেম্বর ২০১৯, ১৫:০১

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগ দাবিতে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীদের ওপর ছাত্রলীগের মিছিল থেকে হামলার অভিযোগ পাওয়া গেছে। এতে অন্তত ৩০ জন আহত হয়েছেন। আজ মঙ্গলবার দুপুর ১২টার দিকে উপাচার্যের বাসভবনের সামনে এ ঘটনা ঘটে।



কাল সন্ধ্যা সাতটা থেকে আন্দোলনকারী শিক্ষকেরা উপাচার্যের বাসভবন ঘেরাও করে রাখেন। যতদিন না উপাচার্যকে অপসারণ করা হবে, ততদিন অবরোধ অব্যাহত রাখার ঘোষণা দিয়েছিলেন আন্দোলনকারীরা। আজ বেলা ১১টায় আন্দোলনকারীরা যখন উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নিয়েছিলেন, তখন উপাচার্যপন্থী শিক্ষকেরা সেখানে যান। তাঁরা আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীদের তুলে দিয়ে উপাচার্যের বাসভবনে ঢোকার চেষ্টা করেন। তবে আন্দোলনকারীদের বাধার মুখে তাঁরা বাসভবনে ঢুকতে পারেননি।



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের পদত্যাগের দাবিতে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীদের ওপর হামলা হয়। ছবি: প্রথম আলো

প্রত্যক্ষদর্শী ব্যক্তিরা বলছেন, এর কিছুক্ষণ পর জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের ব্যানারবাহী একটি মিছিল সেখানে আসে। ওই মিছিলে দুই শতাধিক নেতা-কর্মী ছিলেন। মিছিল থেকে উপাচার্যবিরোধী আন্দোলনকারীদের ওপর হামলা হয়। মিছিলকারীরা উপাচার্যবিরোধী আন্দোলনকারী শিক্ষার্থী-শিক্ষকদের সেখান থেকে হটিয়ে দেন। তারপর তাঁরা ওই জায়গায় অবস্থান নেয়। বেলা একটায় এ প্রতিবেদন লেখা পর্যন্ত ছাত্রলীগের নেতা-কর্মীরা উপাচার্যের বাসভবনের সামনে অবস্থান নিয়েছিলেন।



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বাসভবনের সামনে সংঘর্ষ। ছবি: প্রথম আলো

আজকের হামলার ঘটনায় এ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে ১২ জন চিকিৎসা নিয়েছেন। অন্তত ২০ জনকে এনাম মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।